

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

এ.এম.এল. সার্কুলার নম্বর : ১৩

তারিখ : ০৯ আশ্বিন, ১৪১৪
২৪ সেপ্টেম্বর, ২০০৭

প্রধান নির্বাহী,
সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।

২১ ডিসেম্বর, ২০০৫ তারিখের এ.এম.এল. সার্কুলার নং ০৮ এর ১ (এক) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী কোন একটি হিসাবে ৮৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ টাকা) বা তদুর্ধ্ব পরিমাণ নগদে জমা বা উত্তোলনের ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট (CTR) বাংলাদেশ ব্যাংকে দাখিলের আবশ্যিকতা আরোপিত আছে।

০২. পর্যালোচনান্তে উক্ত নিম্নসীমা ৮৫.০০ লক্ষ হতে বৃদ্ধি করে ৮৭.০০ লক্ষাধিক করা হল। এ নির্দেশ সেপ্টেম্বর, ২০০৭ হতে কার্যকর হবে বিধায় সেপ্টেম্বর, ২০০৭ ও তদপরবর্তী মাসগুলোর নগদ লেনদেন রিপোর্টে (CTR) কেবলমাত্র সাত লক্ষ টাকার উর্ধ্বের লেনদেনের তথ্য সন্নিবেশিত হবে। স্মর্তব্য, সেপ্টেম্বর, ২০০৭ মাসের বিবরণী আগামী ২১ অক্টোবর, ২০০৭ এর মধ্যে জমা দিতে হবে।

০৩. নগদ লেনদেন (Cash Transaction) ও সন্দেহজনক লেনদেন (Suspicious Transaction) সম্পূর্ণ পৃথক বিধায় নগদ লেনদেন রিপোর্টের (CTR) পাশাপাশি সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) পূর্বের ন্যায় দাখিল অব্যাহত রাখতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত
(ম. মাহফুজুর রহমান)
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
ফোন : ৭১২৫৭৬৫